

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntzca.gov.bd


স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২২-৪৯২

তারিখ: ১৬ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

ই-রিক্রুজিশন (অনলাইন চাহিদা) এর সংশোধন (EDIT) অপশন চালু সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA) কর্তৃক ৬ষ্ঠ নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রবেশ পর্যায়ে (Entry Level) শূন্য পদে শিক্ষক সুপারিশের লক্ষ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (স্কুল, কলেজ, মাদ্রাসা, কারিগরি ও ব্যবসা ব্যবস্থাপনা) থেকে **MPO** ভুক্ত শূন্য পদের অনলাইনে চাহিদা (e-Requisition) এবং ০৩ বছরের **বহুরভিত্তিক** শূন্য পদের তথ্য (Three Years Projection of Vacant Post) প্রদান করা হয়েছে। যদি কোন শিক্ষা প্রতিষ্ঠান শূন্য পদের অনলাইনে চাহিদা (e-Requisition) প্রদানে কোন ভুল করে থাকেন, তবে ঐ প্রতিষ্ঠানের ভুল সংশোধন করার জন্য **EDIT** অপশন চালু করা হবে। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ ই-রিক্রুজিশনের **EDIT** অপশনে প্রবেশ করে আগামী ০৭ জানুয়ারি ২০২৫ তারিখ:সকাল ৯.০০ ঘটিকা থেকে ১৪ জানুয়ারি ২০২৫ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে চাহিদা (e-Requisition) সংশোধন করতে পারবেন।

২। একই সময়ে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (USEO) ও জেলা শিক্ষা অফিসারগণ (DEO) তাদের স্ব স্ব User ID ও Password দিয়ে Login করে তঁর আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানের ই-রিক্রুজিশন পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই বাছাই করে ভুলত্রুটি সংশোধনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।



(কাজী কামরুল আহছান)
পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান)
এনটিআরসিএ, ঢাকা।
ফোন: ০২-৪১০৩০১২১

অনুলিপি:

১। সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (এনটিআরসিএ-এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।